

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড Bangladesh Water Development Board

পরিচালকের কার্যালয়
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন (নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৭১২৬১৫৫



Office of the Director
Contract and Procurement Cell
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 7126155
email: director_cpc@yahoo.com

ই-মেইলঃ director_cpc@yahoo.com

WWW.BWDB.GOV.BD

স্মারক নং: সিপি/পিআরপি-২এএফ/প্রকিউরমেন্ট/

তারিখঃ

দপ্তরাদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ক্রয়-প্রক্রিয়া অনুমোদনের ক্ষেত্রে দরপত্র/প্রস্তাব সংক্রান্ত কাগজ-পত্রাদি চুক্তি-স্বাক্ষর পূর্ব পর্যন্ত গোপনীয় দলিল। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে দেখা যাইতেছে যে, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন খোলা নোটে শীটে উদ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরপত্র/প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করা হয় যা একটি বিধিবিহীন ক্রয়-প্রক্রিয়া। দরপত্র/প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের ক্ষেত্রে সিপিআর ২০০৮ এ বর্ণিত বিধি অনুযায়ী নিম্নে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করিবার জন্য নির্দেশ প্রদান করা হইলঃ

- (২) বাপাউবোর ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষ মহাপরিচালক/অতিঃ মহাপরিচালক/প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/প্রধান পরিকল্পনা/প্রধান মনিটরিং/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সম পদমর্যাদার অন্যান্য কর্মকর্তা হইলে সিপিআর ২০০৮ এর বিধি ৩৬(৩)(ক)(১)(অ) অনুযায়ী দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যদি সম্পন্ন পর, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন ও ক্রয় চুক্তি সম্পাদন সম্পর্কে উহার সুপারিশ, দরপত্র বা প্রস্তাব দলিল ব্যতীত, একটি সীলমোহরযুক্ত বন্ধ খামে বাপাউবোর আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে। অনুমোদনকারী কর্তৃপক্ষ উহাতে স্বাক্ষর করিয়া উক্ত বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সিপিআর ২০০৮ এর বিধি ৩৬(৩)(ক)(১)(আ) অনুযায়ী ক্রয়কারীর নিকট ফেরত প্রদান করিবেন।
- (৩) অনুমোদনকারী কর্তৃপক্ষ মন্ত্রণালয় হইলে বা সুপারিশকারী কর্তৃপক্ষ সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি হইলে সিপিআর ২০০৮ এর বিধি ৩৬(৩)(ক)(২)(অ) এবং (আ) অনুযায়ী মূল্যায়ন কমিটি কর্তৃক, “ক্রয় প্রস্তাব” শিরোনামে একটি সার-সংক্ষেপ, মূল্যায়ন প্রতিবেদন ও চুক্তি সম্পাদন সম্পর্কে উহার সুপারিশ, দরপত্র বা প্রস্তাব দলিল ব্যতীত, একটি সীলমোহরযুক্ত বন্ধ খামে সরাসরি মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করিতে হইবে। মহাপরিচালক মহোদয় পরবর্তীতে উহা পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নিকট প্রেরণের ব্যবস্থা করিবেন। মহাপরিচালক মহোদয় নিজেই মূল্যায়ন কমিটির চেয়ারপার্সন হইলে, তিনি ক্রয়-প্রস্তাবের সার-সংক্ষেপ, মূল্যায়ন প্রতিবেদন ও সুপারিশ সরাসরি পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নিকট প্রেরণ করিবেন।
- (৪) e-GP পদ্ধতিতে আহ্বানকৃত দরপত্রের ক্ষেত্রে মূল্যায়ন ও অনুমোদন প্রক্রিয়া e-GP পদ্ধতিতেই সম্পন্ন করিতে হইবে।
- (৫) এই আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারি করা হইল, যাহা অবিলম্বে কার্যকর হইবে।

(Signature)

(মোঃ মাহবুব-উল-কবীর)
পরিচালক
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা

স্মারক নং: সিপি/পিআরপি-২এএফ/প্রকিউরমেন্ট/৫০/২০১৬ (১৫০)

তারিখঃ ১২-০৭-১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

- ১। প্রধান প্রকৌশলী/প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলী.....
- ২। প্রকল্প পরিচালক.....
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালক.....
- ৪। সচিব, সচিবালয়, বাপাউবো, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রধান মনিটরিং এর দপ্তর। দপ্তরাদেশটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
- ৬। সি, এস, ও টু মহাপরিচালক বাপাউবো, ঢাকা।
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (.....) বাপাউবো, ঢাকা।
- ৮। দপ্তর কপি।

অধীনস্থ দপ্তর সমূহে বিতরণের
অনুরোধসহ

ডায়েরী নং ১৭২৫

ক. তারিখঃ ১৩/৭/১৬

সহকারী মহাপরিচালক

ক. প্রকৌশলী

মোহাম্মদ হোসেন

ক. প্রকৌশলী

মোহাম্মদ হোসেন

ক. প্রকৌশলী

মোহাম্মদ হোসেন

ক. প্রকৌশলী

মোহাম্মদ হোসেন

ক. প্রকৌশলী

সিপিআর সেল, বাপাউবো, ঢাকা।

কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।